# বিদেশিদের হাতে নয়, রাষ্ট্রের নিয়ন্ত্রণেই চট্টগ্রাম বন্দর: নৌপরিবহনমন্ত্রী



চট্টগ্রাম বন্দর। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম বন্দর কোনো বিদেশি প্রতিষ্ঠানের হাতে তুলে দেওয়ার পরিকল্পনা সরকারের নেই বলে সংসদে স্পষ্ট করেছেন নৌ-পরিবহণ মন্ত্রী শেখ রবিউল আলম। বুধবার জাতীয় সংসদে লক্ষ্মীপুর-১ আসনের সংসদ সদস্য মো. শাহাদাত হোসেনের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, বন্দর পরিচালনার ক্ষেত্রে সরাসরি হস্তান্তরের বিষয়টি নেই। তবে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কাঠামোর আওতায় নির্দিষ্ট টার্মিনাল পরিচালনার জন্য দেশি ও বিদেশি অপারেটর নিয়োগ দেওয়া হয়ে থাকে, যা সরকারের অনুমোদন সাপেক্ষে হয়।

তিনি আরও জানান, আমদানি-রপ্তানি কার্যক্রমের বিস্তার ও আধুনিকায়নের প্রয়োজন বিবেচনায় বন্দরের সক্ষমতা বাড়াতে বিভিন্ন টার্মিনাল পরিচালনায় দেশি-বিদেশি প্রতিষ্ঠান যুক্ত রয়েছে। উদাহরণ হিসেবে পতেঙ্গা কনটেইনার টার্মিনাল বিদেশি অপারেটরের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

এছাড়া কর্ণফুলী নদীর তীরে লালদিয়া চরে নতুন কনটেইনার টার্মিনাল নির্মাণ ও পরিচালনার জন্য পিপিপি ভিত্তিতে ডেনমার্কভিত্তিক মার্কস গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান এপিএম টার্মিনালসের সঙ্গে চুক্তি স্বাক্ষর হয়েছে।